

# রাজশাহী বিশ্ববিদ্যালয়



## বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ০১/২০২৩

তারিখ: ১৬-০৮-২০২৩

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**পদের নাম :** সহকারী অধ্যাপক/ প্রভাষক = ০৪ (চার) টি স্থায়ী পদ।

**বেতনক্রম :** সহকারী অধ্যাপক পদে টা: ৩৫,৫০০ – ৬৭,০১০/-

প্রভাষক পদে টা: ২২,০০০ – ৫৩,০৬০/-

প্রচলিত ভাতাদি, ৮ম জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী।

উপর্যুক্ত প্রতিটি পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, আবেদন ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের Website-এ পাওয়া যাবে। Online পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে ০৯ সেট দরখাস্ত ১০-০৯-২০২৩ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

স্বাঃ/-

(প্রফেসর মো. আবদুস সালাম)

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়

### শিক্ষাগত যোগ্যতা (প্রভাষক পদের জন্য)

- ক) গণিত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রী থাকতে হবে।
- খ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।
- গ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০) এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০ এর কম থাকা যাবে না।
- ঘ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।
- ঙ) স্নাতকোত্তর/মাস্টার্স পর্যায়ে থিসিস গ্রুপ থেকে উত্তীর্ণ আবেদনকারী প্রার্থী অগ্রাধিকার পাবেন।

### শিক্ষাগত যোগ্যতা (সহকারী অধ্যাপক পদের জন্য)

- ক) গণিত বিভাগে আবেদনকারী প্রার্থীর ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রী থাকতে হবে।
- খ) সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচ.ডি ডিগ্রী থাকতে হবে।
- গ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে।
- ঘ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০) এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনোটিতে জিপিএ ৪.০০ এর কম থাকা যাবে না।
- ঙ) স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।
- চ) প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অথবা স্বীকৃত বিষয় সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচ.ডি পরবর্তী ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।
- ছ) স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা হতে হবে।

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়